

বাংলাদেশ

আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের হলে আসন বরাদ্দের বিজ্ঞপ্তি

প্রতিবেদক জগন্নাথ বিশ্ববিদ্যালয়

আপডেট: ২১ মে ২০২৫, ০২: ২৬



×

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, আস-সুন্নাহ ফাউন্ডেশন, কেরানীগঞ্জ

আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত 'মেধাবী' প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের হলে আসন বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আস-সুন্নাহ ফাউন্ডেশন পরিচালিত 'মেধাবী' প্রকল্পে প্রাথমিকভাবে ৫০০ জন ছাত্রের আবাসনের লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের (১৯তম ব্যাচ, প্রথম বর্ষ) আগ্রহী ছাত্রদের ২৭

মের মধ্যে গুগল লিংক এবং সরাসরি আবেদন ফরমে আবেদন করতে বলা হলো।

বিশ্ববিদ্যালয় সুত্রে জানা গেছে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য দক্ষিণ কেরানীগঞ্জের হাসনাবাদ এলাকার পোর্ট কনটেইনার রোডে একটি ১০তলা ভবন অস্থায়ী আবাসন হিসেবে বরাদ্দ করেছে আস-সুন্নাহ ফাউন্ডেশন। ২০২৪ সালের ১০ ডিসেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও আস-সুন্নাহ ফাউন্ডেশন এ-সংক্রান্ত একটি চুক্তি সই করে।

চুক্তি অনুযায়ী, কেরানীগঞ্জের বসুন্ধরা রিভারভিউ প্রজেক্ট এলাকায় আস-সুন্নাহ ফাউন্ডেশন প্রাথমিকভাবে ৭০০ শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা করবে। পর্যায়ক্রমে এই সংখ্যা পাঁচ হাজার শিক্ষার্থীতে উন্নীত করা হবে।

চুক্তিপত্রে বলা হয়েছে, শিক্ষার্থীদের আবাসিক ভবন থেকে একাডেমিক ভবনে পরিবহনের ব্যবস্থা করবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

